

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১২৫

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৯৩. যে ব্যক্তি বিনা ওজরে জুমু আহর সালাত ত্যাগ করলো।

بَابِ مَا جَاءَ فِيمَنْ تَرَكَ الْجُمُعَةَ مِنْ غَيْرِ عُذْرٍ

আরবী

حَدَّ قَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّ قَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِدْرِيسَ، وَيَزِيدُ بْنُ هَارُونَ، وَمُحَمَّدُ بْنُ بِشْرٍ، قَالُوا حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو، حَدَّقَنِي عَبِيدَةُ بْنُ سُفْيَانَ الْحَضْرَمِيُّ، عَنْ أَبِي الْجَعْدِ الشَّرِ، قَالُوا حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو، حَدَّقَنِي عَبِيدَةُ بْنُ سُفْيَانَ الْحَضْرَمِيُّ، عَنْ أَبِي الْجَعْدِ الضَّمْرِيِّ، _ وَكَانَ لَهُ صُحْبَةٌ _ قَالَ قَالَ النَّبِيُّ _ صلى الله عليه وسلم _ " مَنْ تَرَكَ الْجُمُعَةَ ثَلاَثَ مَرَّاتٍ تَهَاوُنًا بِهَا طُبِعَ عَلَى قَلْبِهِ " .

বাংলা

১/১১২৫। আবূল জাদ আদ-দমরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি সাহাবী ছিলেন। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি অবহেলা করে একাধারে তিন জুমুআহ্ ত্যাগ করলো, তার অন্তরে মোহর মেরে দেয়া হয়।

English

It was narrated that Abu Ja'd Ad-Damri who was a Companion said that the Prophet (ﷺ) said:

"Whoever abandons Friday (prayer) three times, neglecting it, a seal will be placed over his heart."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ৫০০, নাসায়ী ১৩৬৯, আবূ দাউদ ১০৫২।

তাহকীক আলবানী: হাসান সহীহ। তাখরীজ আলবানী: মিশকাত ১৩৭১, তালীক ইবনু খুযাইমাহ ১৮৫৭-১৮৫৮, সহীহ আবী দাউদ ৯৬৫। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন আমর সম্পর্কে ইয়াহইয়া বিন সাঈদ আল কান্তান বলেন, তিনি সালিহ। ইবনু হিব্বান বলেন, তিনি কখনো কখনো হাদিস বর্ণনায় ভুল করেন। ইবনু আদী বলেন,



তার হাদিস বর্ণনায় সমস্যা নেই। ইমাম নাসাঈ তাকে সিকাহ বলেছেন। উক্ত হাদিসের রাবী যুহায়র সম্পর্কে উসমান আদ-দারেমী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। ইবনু আদী বলেন, আমি আশা করি তার মাঝে কোন সমস্যা নেই। সালিহ জাযারাহ তাকে সিকাহ বলেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন